গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কমলগঞ্জ, মৌলভীবাজার

স্মারক নং- ৩১.৪৬.৫৮৬৫.৯০.০০.০০.০০১.২৩- ৭২৮

তারিখ : ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

১৪৩২ বাংলা সনের অবশিষ্ট ২০ একরের নীচের অ-ইজারাকৃত বদ্ধ জলমহাল হতে খাস আদায়ের নিমিত্ত দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলভীবাজার জেলা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কমলগঞ্জ উপজেলার ১৪৩২ বাংলা সনে ২০ একরের নীচের অ-ইজারাকৃত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদ মোতাবেক ১৪৩২ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায়ের নিমিত্ত প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠনের নিকট হতে সীলগালাযুক্ত মুখবন্ধ খামে নিম্নোক্ত সময় ও শর্তাধীনে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

## ১ম পর্যায়

| দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২১.১০.২০২৫ খ্রিস্টাব্দ রবিবার অফিস সময় পর্যন্ত | ২২.১০.২০২৫ খ্রিস্টাব্দ সোমবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ২২.১০.২০২৫ খ্রিস্টাব্দ সোমবার বিকাল ০৪.৩০ ঘটিকা | উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ, মৌলভীবাজার | --- |

## ২য় পর্যায়

| দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৫.১১.২০২৫ খ্রিস্টাব্দ বুধবার অফিস সময় পর্যন্ত | ০৬.১১.২০২৫ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ০৬.১১.২০২৫ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ, মৌলভীবাজার | ১ম পর্যায়ে অবিক্রিত/অনুমোদিত হয়নি, এমন জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

## ৩য় পর্যায়

| দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১২.১১.২০২৫ খ্রিস্টাব্দ বুধবার অফিস সময় পর্যন্ত | ১৩.১১.২০২৫ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ১৩.১১.২০২৫ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ, মৌলভীবাজার | ২য় পর্যায়ে অবিক্রিত/অনুমোদিত হয়নি, এমন জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

## আবেদনের পদ্ধতি ও শর্তাবলী

১. আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে:

(১) নির্ধারিত ফরমে বদ্ধ সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারার দরপত্র (ক্রয়কৃত সিডিউল)

(২) মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি

(৩) নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির নির্বাচিত কমিটিসহ সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি

(৪) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৫) আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র



CamScanner

(৬) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা) কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৭) সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র

(৮) সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ বরাবর প্রদেয় জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি

(৯) সমিতির গঠনতন্ত্র

(১০) সমিতির সভার কার্যবিবরণী

(১১) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে)

(১২) সর্বশেষ বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য নয়)

(১৩) মৎস্যজীবী পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

২. বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত সময়সূচী অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যেকোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্রে প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ২০% জামানত হিসেবে সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যাচাইয়ের স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে।

৩. দরপত্র ফরমের প্রতিটি অংশ যথাযথভাবে পূরণ করতে হবে এবং প্রস্তাবিত মূল্য স্পষ্টভাবে (অংকে ও কথায়) লিখতে হবে। অসম্পূর্ণ, ঘষামাজা, কাটা-ছেঁড়া, ফ্লুইড ব্যবহারকৃত দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

৪. সর্বোচ্চ দরদাতা বিবেচিত হওয়া সমিতি/সংগঠনকে আবেদন অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে খাসমূল্য বাবদ সমুদয় অর্থ, খাসমূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট এককালীন পরিশোধ করতে হবে। জামানত বাবদ দাখিলকৃত অর্থ খাসমূল্যের সাথে সমন্বয় করা হবে। খাসমূল্য, আয়কর ও ভ্যাটের কোন অংশ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময়ের মধ্যে খাসমূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধে ব্যর্থ হলে উক্ত আবেদন বাতিল করা হবে এবং জামানত বাবদ দাখিলকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৫. ৩০শে চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ মেয়াদের পর কোনো প্রকার দায়-দাবী বা ক্ষতিপূরণ দাবী গ্রহণযোগ্য হবে না।

৬. খাস আদায়ের নিমিত্ত অনুমোদনপ্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন মা মাছ/ডিমওয়ালা মাছ শিকার করতে পারবেন না। জলমহালে সেচ করে শুকিয়ে বা নিষিদ্ধ ঘোষিত কোনো জাল দিয়ে মৎস্য আহরণ করতে পারবেন না।

৭. উপজেলার খাস আদায় কমিটির তত্ত্বাবধানে মৎস্য আহরণ করতে হবে। খাস আদায়ের জন্য প্রদত্ত আদেশ কখনোই ইজারা হিসেবে গণ্য হবে না।

৮. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিপন্থী কোনো কাজ করলে, বিজ্ঞপ্তির শর্ত ভঙ্গ করলে কিংবা অন্য কোন অনিয়ম করলে প্রদত্ত খাস আদায়ের অনুমোদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

৯. বাতিলকৃত জলমহাল বিধি মোতাবেক পুনরায় ইজারা প্রদান/খাস আদায় করা হবে।

১০. মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর সমিতি/সংগঠন এর সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। খাস আদায়ের মেয়াদ শেষ হলে মৎস্য আহরণের জন্য অতিরিক্ত কোনো সময় মঞ্জুর করা হবে না।

১১. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোনো কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোনো প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে প্রদত্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।

১২. জলমহালের কোথাও প্রবাহমান পানি আটকে রাখা যাবে না। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। খাস আদায়ের নিমিত্ত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

১৩. বর্তমান প্রচলিত নীতি এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন নিয়োজিত সমিতি মানতে বাধ্য থাকবেন। সরকার প্রয়োজনবোধে যেকোন সময় খাস আদায় কার্যক্রম বন্ধ/বাতিল করতে পারবেন। এতে কোনো ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৪. শুধুমাত্র দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণকারী (অবিবেচিত) মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তির ৩য় পর্যায় অর্থাৎ দরপত্র প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন শেষে অবমুক্ত করা হবে।

১৫. খাস আদায়ের নিমিত্ত অনুমোদনপ্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন জলমহাল বা জলমহালের অংশ কোনো অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোনো ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোনো উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে তা হলে উক্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।



CamScanner

(৬) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা) কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৭) সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র

(৮) সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ বরাবর প্রদেয় জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি

(৯) সমিতির গঠনতন্ত্র

(১০) সমিতির সভার কার্যবিবরণী

(১১) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে)

(১২) সর্বশেষ বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য নয়)

(১৩) মৎস্যজীবী পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

২. বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত সময়সূচী অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যেকোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্রে প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ২০% জামানত হিসেবে সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যাচাইয়ের স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে।

৩. দরপত্র ফরমের প্রতিটি অংশ যথাযথভাবে পূরণ করতে হবে এবং প্রস্তাবিত মূল্য স্পষ্টভাবে (অংকে ও কথায়) লিখতে হবে। অসম্পূর্ণ, ঘষামাজা, কাটা-ছেঁড়া, ফ্লুইড ব্যবহারকৃত দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

৪. সর্বোচ্চ দরদাতা বিবেচিত হওয়া সমিতি/সংগঠনকে আবেদন অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে খাসমূল্য বাবদ সমুদয় অর্থ, খাসমূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট এককালীন পরিশোধ করতে হবে। জামানত বাবদ দাখিলকৃত অর্থ খাসমূল্যের সাথে সমন্বয় করা হবে। খাসমূল্য, আয়কর ও ভ্যাটের কোন অংশ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময়ের মধ্যে খাসমূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধে ব্যর্থ হলে উক্ত আবেদন বাতিল করা হবে এবং জামানত বাবদ দাখিলকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৫. ৩০শে চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ মেয়াদের পর কোনো প্রকার দায়-দাবী বা ক্ষতিপূরণ দাবী গ্রহণযোগ্য হবে না।

৬. খাস আদায়ের নিমিত্ত অনুমোদনপ্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন মা মাছ/ডিমওয়ালা মাছ শিকার করতে পারবেন না। জলমহালে সেচ করে শুকিয়ে বা নিষিদ্ধ ঘোষিত কোনো জাল দিয়ে মৎস্য আহরণ করতে পারবেন না।

৭. উপজেলার খাস আদায় কমিটির তত্ত্বাবধানে মৎস্য আহরণ করতে হবে। খাস আদায়ের জন্য প্রদত্ত আদেশ কখনোই ইজারা হিসেবে গণ্য হবে না।

৮. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিপন্থী কোনো কাজ করলে, বিজ্ঞপ্তির শর্ত ভঙ্গ করলে কিংবা অন্য কোন অনিয়ম করলে প্রদত্ত খাস আদায়ের অনুমোদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

৯. বাতিলকৃত জলমহাল বিধি মোতাবেক পুনরায় ইজারা প্রদান/খাস আদায় করা হবে।

১০. মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর সমিতি/সংগঠন এর সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। খাস আদায়ের মেয়াদ শেষ হলে মৎস্য আহরণের জন্য অতিরিক্ত কোনো সময় মঞ্জুর করা হবে না।

১১. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোনো কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোনো প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে প্রদত্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।

১২. জলমহালের কোথাও প্রবাহমান পানি আটকে রাখা যাবে না। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। খাস আদায়ের নিমিত্ত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

১৩. বর্তমান প্রচলিত নীতি এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন নিয়োজিত সমিতি মানতে বাধ্য থাকবেন। সরকার প্রয়োজনবোধে যেকোন সময় খাস আদায় কার্যক্রম বন্ধ/বাতিল করতে পারবেন। এতে কোনো ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৪. শুধুমাত্র দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণকারী (অবিবেচিত) মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তির ৩য় পর্যায় অর্থাৎ দরপত্র প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন শেষে অবমুক্ত করা হবে।

১৫. খাস আদায়ের নিমিত্ত অনুমোদনপ্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন জলমহাল বা জলমহালের অংশ কোনো অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোনো ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোনো উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে তা হলে উক্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।

১৬. দরপত্র যে পর্যায়ে বা সময়ে আহবান করা হোক না কেন দখল গ্রহণের পর হতে ১৪৩২ বঙ্গাব্দ ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায় বলবৎ থাকবে। দখল প্রদানে/গ্রহণে বিলম্ব হয়েছে, বিলে পানি নেই, শুকিয়ে গেছে বা ভরাট হয়ে গেছে এরূপ অযুহাতে খাস আদায়ের মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না, করলে এরূপ আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৭. আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সর্ম্পকে অবহিত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এ সংক্রান্ত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। জলমহালের বাস্তব অবস্থা অর্থাৎ অনাবৃষ্টির কারণে জলমহালে পানি না হওয়ায় মৎস্য উৎপাদন কম হয়েছে। অতিবৃষ্টি/বন্যার কারণে মাছ চলে গিয়েছে, জলমহালের আয়তন কম, পার্শ্ববর্তী সমিতির/ব্যক্তির বাধায় বা অন্য কোনো মামলার কারণে জলমহাল ভোগ করা যায়নি ইত্যাদিসহ অন্য যে কোনো কারণে খাস আদায়ের মেয়াদ বৃদ্ধি বা ইজারার অর্থ কম দেওয়ার আবেদন করা হলে, তা গ্রহণযোগ্য হবে না।

১৮. দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করে পরবর্তীতে খাস আদায় নিতে অনাগ্রহী বা ইচ্ছুক নয়, এমন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৯. দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না এবং এক পর্যায়ের জন্য ক্রয়কৃত আবেদন অন্য পর্যায়ে দাখিল করা যাবে না। এরূপ করা হলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২০. খাস আদায় চলাকালীন বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা ইত্যাদি কারণে ক্ষতিগ্রস্ত হলে মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি কর্তৃক তার জন্য কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না, করলে তা গ্রহণযোগ্য হবে না।

২১. দরপত্রসমূহ যাচাই বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২. জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে খাস আদায় কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিষ্পত্তির পর পরিচালিত হবে।

২৩. জলমহাল হতে খাস আদায় সংক্রান্ত বিজ্ঞপ্তি উপজেলা ওয়েবপোর্টাল www.acl.kamolganj.moulvibazar.gov.bd এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের, কমলগঞ্জ নোটিশ বোর্ড পাওয়া যাবে।

২৪. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

## <u>১৪৩২ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য খাস আদায়যোগ্য জলমহালের তালিকা</u>

| ক্র: নং | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও জে এল নং | খতি: নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ১. | জগনশালা পুকুর | জগনশালা/১০ | ০১ | ৫৩২ | ০.১৬ | ১০০০/- | |
| ২. | কাঠালতলী পুকুর | কাঠালতলী/১১ | ০১ | ১১১০ | ০.২৯ | ১০৫০/- | |
| ৩. | বৃন্দাবনপুর পুকুর(২) | বৃন্দাবনপুর/১২ | ০১ | ১২৯২ | ০.৪৯ | ১০০০/- | |
| ৪. | চান্দপুর পুকুর | চান্দপুর/১৮ | ০১ | ১৮৩ | ০.১৩ | ১০০০/- | |
| ৫. | পতনউষার পুকুর | পতনউষার/১৬ | ০১ | ২২১৮ | ২.০৮ | ১০০০/- | |
| ৬. | মনসুরপুর পুকুর | মনসুরপুর/১৩ | ০১ | ১০১ | ০.৩৯ | ১৫৭৫/- | |
| ৭. | রাধানগর পুকুর | রাধানগর/৪৪ | ০১ | ২০৯০ | ০.৩৪ | ১৫০০/- | |
| ৮. | ছায়াখালি বিল | বাদে উবাহাটা/৬০ | ০১ | ৩১২,৬২৯ | ১৮.৮৭ | ৩৩০৭৫/- | |
| ৯. | তিলকপুর পুকুর(২) | তিলকপুর/৮৪ | ০১ | ৮৭৬৪ | ০.১৯ | ১০০০/- | |
| ১০. | তিলকপুর পুকুর(৫) | তিলকপুর /৮৪ | ০১ | ৪৪৮৩ | ০.৮৬ | ৫৫৬৫/- | |
| ১১. | তিলকপুর পুকুর(৭) | তিলকপুর/৮৪ | ০১ | ২৯৮৩ | ১.১৬ | ১০০০/- | |
| ১২. | তিলকপুর পুকুর(৮) | তিলকপুর/৮৪ | ০১ | ৩২৫৬ | ০.৬৭ | ১৫৭৫/- | |
| ১৩. | তিলকপুর পুকুর(১৭) | তিলকপুর/৮৪ | ০১ | ১৮৪৪ | ০.২২ | ১০৫০/- | |
| ১৪. | তিলকপুর পুকুর(২২) | তিলকপুর/৮৪ | ০১ | ৮৯৭০ | ০.২৭ | ১০৫০/- | |
| ১৫. | দুঘর পুকুর (১) | দুঘর/৯১ | ০১ | ২৭৩৯ | ০.৯৫ | ৩৫০০/- | |
| ১৬. | দুঘর পুকুর (৩) | দুঘর/৯১ | ০১ | ১৩৩১ | ০.৩৬ | ১১৫৫/- | |
| ১৭. | দুঘর পুকুর (৬) | দুঘর/৯১ | ০১ | ১৬২০ | ০.২৬ | ১০০০/- | |
| ১৮. | দুঘর পুকুর (১০) | দুঘর/৯১ | ০১ | ৫১৩৪ | ০.৮৫ | ২৫০০/- | |
| ১৯. | দুঘর পুকুর (১১) | দুঘর/৯১ | ০১ | ১৬৬৫ | ০.৫৪ | ১৬৮০/- | |
| ২০. | দুঘর পুকুর (১২) | দুঘর/৯১ | ০১ | ২৪২৬ | ০.৩৭ | ১৫০০/- | |

| ক্র: নং | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও জে এল নং | খতি: নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ২১. | দুঘর পুকুর (১৪) | দুঘর/৯১ | ০১ | ৯০৮ | ০.৩৮ | ১৫০০/- | |
| ২২. | দুঘর পুকুর (১৭) | দুঘর/৯১ | ০১ | ৪১৫৩ | ১.০২ | ২৫০০/- | |
| ২৩. | জালালপুর পুকুর(১) | জালালপুর/৯২ | ০১ | ১১২৯ | ০.২৫ | ১০৫০/- | |
| ২৪. | উত্তরভাগ পুকুর(২) | উত্তরভাগ /৯৩ | ০১ | ২৭৯৩ | ০.১৩ | ১০০০/- | |
| ২৫. | উত্তরভাগ পুকুর(৩) | উত্তরভাগ /৯৩ | ০১ | ৪৩৫ | ০.৮৬ | ৩৫০০/- | |
| ২৬. | মধ্যভাগ পুকুর (১) | মধ্যভাগ /৯৪ | ০১ | ২৮৯০ | ১.১৫ | ৪৫০০/- | |
| ২৭. | মধ্যভাগ পুকুর(২) | মধ্যভাগ /৯৪ | ০১ | ১৫১৮ | ০.৩৩ | ১৫০০/- | |
| ২৮. | কাটাবিল পুকুর | কাটাবিল/৯৫ | ০১ | ৮৪ | ২.৮০ | ৮০০০/- | |
| ২৯. | শ্রীপুর পুকুর (১) | শ্রীপুর/১০৯ | ০১ | ২০০৮ | ০.১৭ | ১০০০/- | |
| ৩০. | শ্রীপুর পুকুর (২) | শ্রীপুর/১০৯ | ০১ | ২০০৬ | ০.২৫ | ৩৫০০/- | |
| ৩১. | শ্রীপুর পুকুর (৩) | শ্রীপুর/১০৯ | ০১ | ১৯৪৭ | ০.৭৩ | ৩০০০/- | |
| ৩২. | শ্রীপুর পুকুর (৪) | শ্রীপুর/১০৯ | ০১ | ১৮৭৯ | ০.৩৮ | ২০০০/- | |
| ৩৩. | শ্রীপুর পুকুর (৫) | শ্রীপুর/১০৯ | ০১ | ৯৯৮ | ০.১৭ | ১০০০/- | |
| ৩৪. | শ্রীপুর পুকুর (৬) | শ্রীপুর/১০৯ | ০১ | ৯৪৭ | ০.৩৯ | ১০০০/- | |
| ৩৫. | শ্রীপুর পুকুর (৭) | শ্রীপুর/১০৯ | ০১ | ৯৪৩ | ০.২০ | ১০০০/- | |
| ৩৬. | শ্রীপুর পুকুর (৮) | শ্রীপুর/১০৯ | ০১ | ৯২৬ | ০.২২ | ১৫০০/- | |
| ৩৭. | শ্রীপুর পুকুর (৯) | শ্রীপুর/১০৯ | ০১ | ৮৬৫ | ০.১৬ | ১০০০/- | |
| ৩৮. | শ্রীপুর পুকুর (১০) | শ্রীপুর/১০৯ | ০১ | ৫৩৫ | ০.২৬ | ১০০/- | |
| ৩৯. | শ্রীপুর পুকুর (১৩) | শ্রীপুর/১০৯ | ০১ | ২৩১৩ | ০.২৪ | ১০০০/- | |
| ৪০. | শ্রীপুর পুকুর (১৪) | শ্রীপুর/১০৯ | ০১ | ২০৭৮ | ০.১৮ | ১০০০/- | |
| ৪১. | শ্রীপুর পুকুর (১৫) | শ্রীপুর/১০৯ | ০১ | ২০২২ | ০.২৮ | ১৫০০/- | |
| ৪২. | শ্রীপুর পুকুর (১৬) | শ্রীপুর/১০৯ | ০১ | ১৮৩৫ | ১.১৩ | ৫০০০/- | |
| ৪৩. | শ্রীপুর পুকুর (১৭) | শ্রীপুর/১০৯ | ০১ | ৪৮৮ | ০.৮৮ | ৩০০০/- | |
| ৪৪. | শ্রীপুর পুকুর (১৮) | শ্রীপুর/১০৯ | ০১ | ৫৯২ | ০.১৩ | ১০০০/- | |
| ৪৫. | শ্রীপুর পুকুর (১৯) | শ্রীপুর/১০৯ | ০১ | ৮২৫ | ০.২১ | ১০০০/- | |
| ৪৬. | শ্রীপুর পুকুর (২০) | শ্রীপুর/১০৯ | ০১ | ৮৯২ | ০.১৯ | ১০০০/- | |
| ৪৭. | শ্রীপুর পুকুর (২১) | শ্রীপুর/১০৯ | ০১ | ৬৯৫ | ১.০৪ | ৫২৫০/- | |
| ৪৮. | শ্রীপুর পুকুর (২২) | শ্রীপুর/১০৯ | ০১ | ৭৮৫ | ০.২৩ | ১০০০/- | |
| ৪৯. | শ্রীপুর পুকুর (২৩) | শ্রীপুর/১০৯ | ০১ | ৭৮৪ | ০.২৯ | ১০০০/- | |
| ৫০. | শ্রীপুর পুকুর (২৪) | শ্রীপুর/১০৯ | ০১ | ৯১১ | ০.৩৯ | ১০০০/- | |
| ৫১. | গোলের হাওর পুকুর (১) | গোলের হাওর/১১০ | ০১ | ১০৬৯ | ০.২৪ | ১০০০/- | |
| ৫২. | গোলের হাওর পুকুর (২) | গোলের হাওর/১১০ | ০১ | ২০৩ | ০.৪৭ | ১০৫০/- | |
| ৫৩. | গোলের হাওর পুকুর (৩) | গোলের হাওর/১১০ | ০১ | ৭৯৮ | ১.১৫ | ৪২০০/- | |
| ৫৪. | গোলের হাওর পুকুর (৭) | গোলের হাওর/১১০ | ০১ | ৯১৭ | ০.৬৫ | ২০০০/- | |
| ৫৫. | গোলের হাওর পুকুর (৯) | গোলের হাওর/১১০ | ০১ | ৪৮ | ০.৩৫ | ১০৫০/- | |
| ৫৬. | গোলের হাওর পুকুর (১০) | গোলের হাওর/১১০ | ০১ | ১৬৮ | ০.৭০ | ২১০০/- | |
| ৫৭. | গোলের হাওর পুকুর (১১) | গোলের হাওর/১১০ | ০১ | ১১১৩ | ০.৪১ | ১৫০০/- | |
| ৫৮. | গোলের হাওর পুকুর (১২) | গোলের হাওর/১১০ | ০১ | ১৫৯৯ | ০.৪৫ | ১৫০০/- | |
| ৫৯. | গোলের হাওর পুকুর(১৪) | গোলের হাওর/১১০ | ০১ | ৯৪৮ | ৩.৪২ | ১০৫০০/- | |
| ৬০. | ইসলামাবাদ পুকুর(১) | ইসলামাবাদ/১১২ | ০১ | ৩৮১ | ০.১৯ | ১০০/- | |
| ৬১. | ইসলামাবাদ পুকুর(৩) | ইসলামাবাদ/১১২ | ০১ | ২৫১১ | ০.৪৫ | ১৫০০/- | |
| ৬২. | ইসলামাবাদ পুকুর(৪) | ইসলামাবাদ/১১২ | ০১ | ৮৯৭ | ০.০৯ | ১০০০/- | |
| ৬৩. | তিলকপুর চক পুকুর (৩) | তিলপকপুর চক/৮৬ | ০১ | ৫৩৪ | ০.৪২ | ১০০০/- | |
| ৬৪. | মোকাবিল পুকুর (১) | মোকাবিল/১০৮ | ০১ | ২৫২ | ০.৪১ | ১০৫০/- | |
| ৬৫. | মোকাবিল পুকুর (৩) | মোকাবিল /১০৮ | ০১ | ৪৩ | ০.৪১ | ১৫০০/- | |
| ৬৬. | মোকাবিল পুকুর (৪) | মোকাবিল /১০৮ | ০১ | ২৩৭ | ০.২০ | ১০০০/- | |
| ৬৭. | মোকাবিল পুকুর (৬) | মোকাবিল /১০৮ | ০১ | ৩৬ | ০.৩৬ | ১১০০/- | |



+

| ক্র: নং | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও জে এল নং | খতি: নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ৬৮. | মোকাবিল পুকুর (৭) | মোকাবিল /১০৮ | ০১ | ৩৯ | ০.৫৩ | ২০০০/- | |
| ৬৯. | মোকাবিল পুকুর (৮) | মোকাবিল /১০৮ | ০১ | ৮৫ | ০.৯২ | ৪০০০/- | |
| ৭০. | কাঠালকান্দি পুকুর | কাঠালকান্দি/১১১ | ০১ | ১১৩৪ | ০.৭৫ | ৩০০০/- | |

বিশেষ দ্রষ্টব্য: জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে খাস আদায় কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিষ্পত্তির পর পরিচালিত হবে।

০৫/১০/২০২৫
(মোহন চন্দ্র সূত্রধর)
আহবায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
কমলগঞ্জ, মৌলভীবাজার

স্মারক নং: ৩১.৬০.৫৮৩৫.০০০.০২.০০৯.২৪- ৮৮৫(১৪)

তারিখ : ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

অনুলিপি : সদয় অবগতির জন্য।

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৫. উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ/ বড়লেখা/জুড়ী/কুলাউড়া/মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল মৌলভীবাজার।
৬. প্রশাসক, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭. সহকারী কমিশনার(ভূমি), কমলগঞ্জ, মৌলভীবাজার। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
৮. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। অবগতি ও বহুল প্রচারের জন্য।
৯. চেয়ারম্যান,......................................ইউনিয়ন পরিষদ (সকল), কমলগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য।
১০. উপজেলা....................................কর্মকর্তা (সকল ), কমলগঞ্জ, মৌলভীবাজার । অবগতি ও বহুল প্রচারের জন্য।
১১. উপজেলা সমাজসেবা/সমবায় কর্মকর্তা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলগঞ্জ, মৌলভীবাজার। বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবি সমবায় সমিতিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস.....................(সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার । অবগতি ও বহুল প্রচারের জন্য।
১৩. জনাব/বেগম...........................................................................................................
১৪. নোটিশ বোর্ড/অত্রাফিস ।...............................................................................কমলগঞ্জ, মৌলভীবাজার।

০৫/১০/২০২৫
(মোহন চন্দ্র সূত্রধর)
আহবায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
কমলগঞ্জ, মৌলভীবাজার



CamScanner